

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৪৮৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ সচ্চরিত্রতার মাহাত্ম

আরবী

عَنْ أَبِيْ ذَرٍّ أَنَّ النَّبِيَّ عَيَا إِلَىٰ قَالَ لَهُ اتَّقِ اللهَ حَيْثُمَا كُنْتَ وَأَتْبِعْ السَّيِّئَةَ الْحَسَنَةَ تَمْحُهَا وَخَالِقْ النَّاسَ بِخُلُقٍ حَسَنٍ

বাংলা

وَرَوَى التِّرمِذِي عَن عَبدِ اللهِ بنِ المُبَارَكِ رَحِمَهُ اللهُ فِي تَفسِيرِ حُسْنِ الخُلُقِ قَالَ هُوَ بَسط الوَجه (طَلاَقَةُ الوَجه) وَبَذْلُ المَعرُوف وَكَفُّ الأَذَى

ইমাম তিরমিয়ী আব্দুল্লাহ বিন মুবারক (রাহিমাহুল্লাহ) হতে সচ্চরিত্রতার ব্যাখ্যা বর্ণনা করেছেন, তিনি বলেছেন, 'তা হল, সর্বদা হাসিমুখ থাকা, মানুষের উপকার করা এবং কাউকে কষ্ট না দেওয়া।' (তিরমিয়ী ২০০৫)

আল্লাহ তাআলা নিজ নবীকে বলেছিলেন,

وَإِنَّكَ لَعَلَى خُلُقٍ عَظِيْمٍ

অর্থাৎ, তুমি অবশ্যই মহান চরিত্রের অধিকারী। (সুরা কালাম ৪) তিনি আরো বলেছেন,

وَالْكَاظِمِيْنَ الْغَيْظَ وَالْعَافِيْنَ عَنِ النَّاسِ

অর্থাৎ, (সেই ধর্মভীরুদের জন্য বেহেশত প্রস্তুত রাখা হয়েছে, যারা সচ্ছল ও অসচ্ছল অবস্থায় দান করে,) ক্রোধ সংবরণ করে এবং মানুষকে ক্ষমা করে থাকে। (সূরা আলে ইমরান ১৩৪)

(৩৪৮৮) আবৃ যার (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বলেছেন, তুমি যেখানেই থাক আল্লাহকে ভয় কর, পাপ করলে সাথে সাথে পুণ্যও কর; যাতে পাপ মোচন হয়ে যায় এবং মানুষের সাথে সুন্দর ব্যবহার কর।



ফুটনোট

(আহমাদ ২১৩৫৪, তিরমিযী ১৯৮৭, হাকেম ১৭৮, সহীহুল জামে ৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন